অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাক-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০২.০০০০.৩১০.০৩১.০১৫.১৭-২০৩ তারিখ ঃ- ১৪-০৮-২০১৭ খ্রিঃ

বিষয়: **চলমান বন্যা পরিস্থিতিতে জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাসে পূর্বপ্রস্তুতি গ্রহণ প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বন্যার পূর্বাভাস পর্যালোচনা করে দেখা যায় যে, বাংলাদেশের উজানে তিনটি অববাহিকায় (গঙ্গা, ব্রহ্মপুত্র এবং মেঘনা) মৌসুমী বায়ু সক্রিয় থাকায় বিগত ২/৩দিন থেকে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাত হচ্ছে। ফলশ্রুতিতে এই অববাহিকার নদীসমূহের ভারতীয় অংশে এবং বাংলাদেশের অভ্যন্তরে পানি প্রবাহ বৃদ্ধি পাচ্ছে। বিগত ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা নদীর ভারতীয় অংশে গড়ে ৭০-৮০ সে:মি: ও বাংলাদেশ অংশে ৫৫ সে:মি:, গঙ্গা-পদ্মা নদীর ভারতীয় অংশে ১৬ সেমি ও বাংলাদেশ অংশে ১৫ সেমি এবং মেঘনা অববাহিকায় গড়ে ১ মিটার করে বৃদ্ধি পেয়েছে। এই পানিবৃদ্ধি আগামী ৭২ ঘন্টা অব্যাহত থাকতে পারে। একইসময়ে তিন অববাহিকায় পানি বৃদ্ধির ফলে ধারণা করা যাচ্ছে যে, কুড়িগ্রাম, লালমনিরহাট জেলায় চলমান বন্যা গাইবান্ধা, জামালপুর, বগুড়া ও সিরাজগঞ্জ জেলায় বিস্তৃত হবে। পাশাপাশি মধ্যাঞ্চল ও দক্ষিণ মধ্যাঞ্চলসহ **ঢাকা শহরের নিম্নাঞ্চলে বিস্তৃত হতে পারে।**

০২। উদ্ভুত পরিস্থিতি বিবেচনা করে সদা সর্তকাবস্থায় থাকা এবং বন্যা মোকাবেলায় যথাযথ পূর্বপ্রস্তুতি গ্রহণ করা আবশ্যক। এ বিষয়ে সতর্কতাকালীন পর্যায়ে জরুরি সাড়াদান বিষয়ে করণীয় সম্পর্কিত কিছু নিদেশর্না প্রতিপালনের জন্য দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশবলীতে (SOD) উল্লেখ রয়েছে।

৩। এমতাবস্থায়, দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশবলীতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪/৮/১৭

মো: রিয়াজ আহমেদ)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ৯৮৪১৫৮১
ফ্যাক্স : ৯৮৬০১৩০
ইমেইল: dg@ddm.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি করপোরেশন/
দক্ষিণ সিটি করপোরেশন

সদয় অবগতির জন্য
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজঁগাও, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।